



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



স্বপ্নজয়ী নারী সম্মাননা ২০২৪' পেলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য




উল্লেখ্য 'নারীর বিকাশ, নারীর জয় ছড়িয়ে পড়ুক বিশ্বময় স্লোগানকে সামনে রেখে ঐতিহাসিক ৭ মার্চের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ-এর তাৎপর্য তুলে ধরে এবং আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে অর্থকর্মে ও বিজনেস আমেরিকা ম্যাগাজিনের আয়োজনে রাজধানীর শেরাটন হোটেলে স্বপ্নজয়ী নারী সম্মাননা প্রদান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির পদ অলংকৃত করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ডা. দীপু মনি এমপি।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অনুষ্ঠানে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল, ইউনিভার্সেল মেডিকেল কলেজ এন্ড হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী এবং ব্যারিস্টার সুমাইয়া আজীজ।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এবার অন্যান্যদের মাঝে 'স্বপ্নজয়ী নারী সম্মাননা ২০২৪' পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম।
উক্ত অনুষ্ঠানে দেশ বিদেশে কর্মরত প্রায় পাঁচশত বাংলাদেশি নারী উদ্যোক্তা পেশাজীবী অংশ নেন এবং ৩০ জন নারী স্বপ্নজয়ী সম্মাননা পান।